

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর  
কাজী আলাউদ্দীন রোড, ঢাকা

স্মারক নং : ৫৮.০৩.০০০০.০২০.৩৭.০০৪.১৮-

তারিখ : \_\_\_\_\_

**অফিস আদেশ**

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নাম, ইউনিফর্ম ও লোগো ব্যবহার করে কর্তৃপক্ষের অনুমতি ছাড়া বিভিন্ন নামে ফেসবুক আইডি, পেজ ও গ্রুপ খোলা হচ্ছে এবং তা পরিচালনা করা হচ্ছে যা বিধিসম্মত নয়। কর্তৃপক্ষের অনুমোদন ছাড়া পরিচালিত ফেসবুক আইডি, পেজ ও গ্রুপ-এর মাধ্যমে বিভিন্নভাবে এ প্রতিষ্ঠান ও সরকারের বিরুদ্ধে অপপ্রচার চালানোসহ গুজব ও মিথ্যা সংবাদ প্রচার করার ঝুঁকি রয়েছে। এসব কারণে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এবং সরকারের সুনাম ক্ষুণ্ণ হতে পারে।

২. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স একটি সরকারি সেবামূলক প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠানের সেবাকাজের প্রচার চলমান রাখা এবং অপপ্রচার বন্ধের লক্ষ্যে ফেসবুক আইডি, পেজ ও গ্রুপ খোলার ক্ষেত্রে নিম্নরূপ নির্দেশনা প্রতিপালন করার জন্য সকলকে অনুরোধ জানানো হলো :

- (১) এখন থেকে কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে সকল বিভাগ, ট্রেনিং কমপ্লেক্স এবং প্রতি জেলা অফিসের নামে একটি ফেসবুক আইডি, পেজ ও গ্রুপ খোলা যাবে। চলমান আইডির ভূতাপেক্ষা অনুমতি নিয়ে সেটাও পরিচালনা করা যাবে;
- (২) ট্রেনিং কমপ্লেক্স, বিভাগ ও জেলার অধীন স্টেশন অফিসার ও তদূর্ধ্ব কর্মকর্তাগণ ফেসবুক আইডি, পেজ বা গ্রুপের অ্যাডমিন হতে পারবেন। ট্রেনিং কমপ্লেক্স, বিভাগ ও জেলার অধীন সকল কর্মকর্তা, দপ্তর ও অন্যান্য অফিসের সেবাকাজের প্রচার-প্রচারণা ট্রেনিং কমপ্লেক্স, বিভাগ ও জেলার অফিসিয়াল আইডির মাধ্যমে পরিচালনা করতে হবে;
- (৩) এসব আইডিতে সংশ্লিষ্ট কর্মকর্তার অধীন সকল স্টেশন অফিসার/স্টাফ অফিসার, ওয়ারহাউজ ইন্সপেক্টর, সিনিয়র এসও ও অন্যান্য পদের কর্মকর্তাগণ যুক্ত থাকবেন। বিভাগীয় উপপরিচালক, ট্রেনিং কমপ্লেক্সের অধ্যক্ষ, জেলার সহকারী পরিচালক/উপসহকারী পরিচালকগণ তাঁর/তাদের অধীন ফেসবুক আইডি, পেজ ও গ্রুপ মনিটরিং ও তত্ত্বাবধান করবেন;
- (৪) উপরে বর্ণিত আইডি, পেজ ও গ্রুপ ব্যতীত বিভিন্ন স্টেশন/অফিস ও কর্মকর্তা-কর্মচারীদের নামের সকল ফেসবুক আইডি, পেজ ও গ্রুপ যোগুলোতে প্রতিষ্ঠানের নাম, লোগো বা ইউনিফর্ম ব্যবহার করা হয়েছে তা নিজ উদ্যোগে অনতিবিলম্বে ডি-অ্যাক্টিভেট করে দিতে হবে। বর্ণিত আইডির বাইরে প্রতিষ্ঠানের নাম, ইউনিফর্ম ও লোগো ব্যবহার করে কোনো নতুন আইডি খুলতে হলে সদর দপ্তরের মিডিয়া সেলের মাধ্যমে অধিদপ্তরের অনুমতি গ্রহণ করতে হবে এবং প্রতি মাসের ৭ তারিখে তার প্রতিবেদন দিতে হবে;
- (৫) এ বিষয়টি তার অধীন সকল কর্মকর্তা-কর্মচারীকে অবহিত করতে হবে;
- (৬) পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত এ অধিদপ্তরের নাম, ইউনিফর্ম ও লোগো ব্যবহার করে ফেসবুক আইডি, পেজ ও গ্রুপ খোলার ক্ষেত্রে উপরিউক্ত নির্দেশনা প্রতিপালন করার জন্য সকলকে নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

স্বাক্ষরিত/-  
মোঃ ওয়াহিদুল ইসলাম  
পরিচালক (প্রশাসন ও অর্থ)

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো

স্মারক নং : ৫৮.০৩.০০০০.০২০.৩৭.০০৪.১৮-

২২/৩/২০

তারিখ :


৩০/০৩/২০২০  
২৭/৩/২০২০

১১. পরিচালক (পরিচালনা, উন্নয়ন ও প্রশিক্ষণ, অপারেশন ও মেটেইন্যান্স), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

১২. অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।

১৩. উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ..... বিভাগ, ..... (সকল)

১৪. সহকারী পরিচালক , ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,.....(সকল)।
১৫. সহকারী পরিচালক , ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,.....(সকল)।
১৬. সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৭. উপসহকারী পরিচালক , ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,.....জেলা।.....(সকল)।
১৮. সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন,.....।
১৯. শাখা প্রধান, ..... শাখা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
২০. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইটিসেল/ মিডিয়া সেল/ নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

  
মোঃ হেলাল উদ্দিন  
সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ) ভারপ্রাপ্ত